7482/23 I-7628/23

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

रु.1000 Rs.1000

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ পশ্চিম বঙ্গাল WEST BENGAL

W 471249

Certified that the Endorsement Sheet's and the Signature Sheet's attached to this documents are part of the Document.

Additional District Sub-Registrar
BURDWAN

20 SEP 2023

## বিক্রয় কোবালা দলিল

জেলা পূর্ব বর্ধমান, থানা ও সাব রেজিস্ট্রী অফিস বর্ধমান, বর্ধমান পৌরসভার সামীল অচিহ্নিত ও অবিভক্ত বাস্তু শ্রেণীর কম বেশী ৫৪৪ .৫ বর্গ ফুট জমি মায় তদুপরিস্থিত একতল পুরাতন গৃহাদি যাহার পরিমান কম বেশী অচিহ্নিত ও অবিভক্ত ২২৫ বর্গ ফুট বিক্রয় কোবালা দলিল মূল্য ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা এবং সরকার নির্ধারিত মূল্য ১০,৪১,৭৫২/- (দশ লক্ষ একচল্লিশ হাজার সাত শত বাহান্ন) টাকা।

20 SEP 2023

Dolli Dutta
MILI BOSU
Debjit Palit

বিক্রেতা ঃ-

১) শ্রীমতি ডলি দত্ত, প্যান - BDVPD3718B, পিতা - স্বর্গীয় ফনীন্দ্র নাথ পালিত, স্বামী - অশোক দত্ত, জাতি ভারতীয়, ধর্ম হিন্দু, পেশা গৃহস্থালী, সাকিন - বাজেপ্রতাপপুর, নিমতলা, পোষ্ট ও থানা বর্ধমান, জেলা পূর্ব বর্ধমান, পিন ৭১৩১০১।

২) শ্রীমতি মিলি বসু, প্যান - FGYPB5459P, পিতা - স্বর্গীয় ফনীন্দ্র নাথ পালিত, স্বামী - সুনীল বসু, জাতি ভারতীয়, ধর্ম হিন্দু, পেশা গৃহস্থালী, সাকিন - দেবীপুর, পোষ্ট ও থানা মেমারী, জেলা পূর্ব বর্ধমান, পিন ৭১৩১৪৬।

ক্রেতা ঃ- শ্রী দেবজিৎ পালিত, প্যান - BJXPP7691F, পিতা - স্বর্গীয় ফনীন্দ্র নাথ পালিত, জাতি ভারতীয়, ধর্ম হিন্দু, পেশা চাকুরী, সাকিন - ২ নং ইচ্ছলাবাদ, পোষ্ট শ্রীপল্লী, থানা বর্ধমান, জেলা পূর্ব বর্ধমান, পিন ৭১৩১০৩।

কস্য বিক্রয় কোবালা দলিল মিদং কার্য্যাঞ্চাগে। অত্র দলিলের নিম্নের "ক" তপশীলে বিশদ ভাবে বর্ণিত সম্পত্তির পূর্ব মালিক ও দখলীকার ছিলেন জনৈক মৃত্যুঞ্জয় দাস দীগর। তাঁহারা নিম্নের "ক" তপশীলে বিশদ ভাবে বর্ণিত সম্পত্তির মালিক ও দখলীকার থাকা কালে বর্ধমান সাব-রেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রীকৃত ১ নং বইয়ের ২৫

Yoli Gupta
Mili Basu
Abhijit Palit

নং ভলিয়্যুমের ৫৫ নং পৃষ্ঠা হইতে ৫৮ নং পৃষ্ঠায় নথিভুক্ত ১৯৬৯ সালের ১৪৬৪ নম্বর বিক্রয় কোবালা দলিল মূলে জনৈক অসীম কুমার ভট্টাচার্য্য মহাশয়কে বিক্রয় করিয়া নিঃস্বত্ত্ব হইলে উক্ত অসীম কুমার ভট্টাচার্য্য মহাশয় নিম্নের "ক" তপশীল বর্ণিত সম্পত্তির একক মালিক হইয়া দখলীকার থাকা কালে নিম্নের "ক" তপশীল বর্ণিত সম্পত্তি বর্ধমান সাব-রেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রীকৃত ১ নং বইয়ের ৪৯ নং ভলিয়্যুমের ৪১ নং পৃষ্ঠা হইতে ৪৩ নং পৃষ্ঠায় নথিভুক্ত ১৯৭৮ সালের ৩৪ নম্বর বিক্রয় কোবালা দলিল মূলে জনৈকা শ্রীমতি উমা পালিত মজুমদার ওরফে শ্রীমতি উমা বালা পালিত মজুমদার মহাশয়াকে বিক্রয় করিয়া নিঃস্বত্ত্ব হয়েন। তৎপশ্চাৎ শ্রীমতি উমা পালিত মজুমদার ওরফে শ্রীমতি উমা বালা পালিত মজুমদার মহাশয়া নিম্নের "ক" তপশীল বর্ণিত সম্পত্তির এককরূপে মালিক হইয়া তথায় একখানি একতল গৃহাদি নির্মান করতঃ ভোগ দখল করিতে থাকা কালীন নিম্নের "ক" তপশীলে বিশদভাবে বর্ণিত সম্পত্তি বর্ধমান সদর জয়েন্ট সাব-রেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রীকৃত ১৯৮৪ সালের ৫২৪৪ নম্বর, ১৯৮৫ সালের ৫৬৬০, ৫৬৬১, ৫৬৬২ এবং ৫৬৬৩ নম্বর বিক্রয় কোবালা দলিল মূলে যথাক্রমে মনীন্দ্র নাথ পালিত, ফনীন্দ্র নাথ পালিত, ধীরেন্দ্রনাথ পালিত ও রবীন্দ্রনাথ পালিত মহাশয়গণকে বিক্রয় করিয়া নিঃস্বত্ত্ব হইলে উক্ত মনীন্দ্র নাথ পালিত, ফনীন্দ্র নাথ পালিত, ধীরেন্দ্রনাথ পালিত ও রবীন্দ্রনাথ পালিত মহাশয়গণ নিম্নের "ক" তপশীলে বিশদ ভাবে বর্ণিত সম্পত্তিতে প্রত্যেকে অচিহ্নিত ও অবিভক্ত ১/৪ অংশের মালিক হয়েন এবং বর্ত্তমান হাল রেকর্ডে তাঁহাদের নাম নথিভুক্ত করত যৌথভাবে দখল ব্যাবহার করিতে থাকেন। উপরিউক্তভাবে নিম্নের "ক" তপশীলে বিশদ ভাবে বর্ণিত সম্পত্তিতে অচিহ্নিত ও

অবিভক্ত ১/৪ অংশের মালিক হইয়া ও অন্যান্য শরিকগণের সহিত যৌথভাবে দখলীকার থাকা কালীন উক্ত ফনীন্দ্র নাথ পালিত মহাশয় গত ইংরাজী ২৪/০২/২০০৭ তারিখে অত্র বিক্রয় কোবালা দলিলের বিক্রেতাগণ যথাক্রমে লিলি সরকার, ডলি দত্ত এবং মিলি বসু মহাশয়াগণকে কন্যা স্বরূপে ও অত্র বিক্রয় কোবালা দলিলের ক্রেতা দেবজিৎ পালিত মহাশয়কে একমাত্র পুত্র স্বরূপে রাখিয়া পরলোকগমন করিলে উক্ত লিলি সরকার, ডলি দত্ত এবং মিলি বসু মহাশয়াগণ এবং দেবজিৎ পালিত মহাশয়গণ হিন্দু উত্তরাধিকার আইনানুসারে নিম্নের "ক" তপশীলে বিশদ ভাবে বর্ণিত সম্পত্তিতে যৌথভাবে অচিহ্নিত ও অবিভক্ত ১/৪ অংশের অর্থাৎ প্রত্যেকে অচিহ্নিত ও অবিভক্ত ১/১৬ অংশ করিয়া মালিক হয়েন এবং অন্যান্য শরিকগণের সহিত যৌথভাবে এক্ষণতক দখল ব্যাবহার করিয়া আসিতেছেন।

এক্ষণে আমরা অত্র দলিলের বিক্রেতাগণ, আমাদের ব্যাক্তিগত কারণে অর্থের বিশেষ প্রয়োজন হওয়ায় অত্র দলিলের নিম্নের খ তপশীলে বিশদ্ ভাবে বর্ণিত সম্পত্তি, যাহা অত্র দলিলের ক তপশীলের অংশ হইতেছে, বিক্রয়ের সোহরৎ দিলে আপনি অত্র দলিলের ক্রেতা নিম্নের খ তপশীলে বর্ণিত সম্পত্তির একজন অংশীদার হিসাবে নিম্নের খ তপশীল বর্ণিত সম্পত্তি ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকায় খরিদ করিতে ইচ্ছা প্রকাশ করিলে পঞ্চভদ্র মহোদয়গণের উপস্থিতিতে ও তত্ত্বাবধানে আমরা, অত্র বিক্রয় কোবালা দলিলের বিক্রেতাগণ, বর্তমান বাজার মূল্য যাচাই মতে তাহা সঠিক, ন্যায্য, সর্ব্বোচ্চ ও সমুচিত স্বীকারে নিম্নের তপশীল বর্নিত সম্পত্তির আমি ১ নং বিক্রেতা আমার ১/১৬ অংশের মূল্য বাবদ ৫,০০,০০০ /- (পাঁচ লক্ষ) টাকা স্টেট ব্যাঙ্ক অফ্

ইন্ডিয়ার বর্ধমান কোর্ট কম্পাউন্ড শাখার ২০/০৯/২০২৩ তারিখাঙ্কিত ৪৯৭১৪৭ নং চেক মারফৎ এবং আমি ২ নং বিক্রেতা আমার ১/১৬ অংশের মূল্য বাবদ ৫,০০,০০০ /- (পাঁচ লক্ষ) টাকা স্টেট ব্যাঙ্ক অফ্ ইন্ডিয়ার বর্ধমান কোর্ট কম্পাউন্ড শাখার ২০/০৯/২০২৩ তারিখাঙ্কিত ৪৯৭১৪৮ নং চেক মারফৎ যথাযথভাবে আদায় প্রাপ্ত হইবার পর অত্র বিক্রয় কোবালা দলিল সম্পাদন ও রেজিস্ট্রী পূর্বক খ তপশীল বর্ণিত সম্পত্তির স্বত্ব ও দখলাধীকার, দান, বিক্রয় ও সর্ব প্রকার হস্তান্তরের ক্ষমতাযুক্তে আপনার অনুকূলে হস্তান্তর করতঃ এতদ্বারা স্বীকার, অঙ্গীকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে, অত্র দলিলের নিম্নের খ তপশীলে বিশদ ভাবে বর্ণিত সম্পত্তিতে আমাদের যাহা কিছু স্বত্ব, সামিত্ব, দখল ও লভ্যাদি ছিল বা আছে তাহা অদ্য হইতে আমাদিগতে সম্পূর্ণরূপে রদ ও রহিত হইয়া আপনাতে বর্ত্তাইল। আপনি অদ্য হইতে আমাদের স্বত্বে স্বত্ববান, দখলে দখলিকার হইয়া দান বিক্রয়াদিসহ সমস্ত প্রকার হস্তান্তরের ও রূপান্তরের ক্ষমতাযুক্তে মায় ওয়ারিশ ও স্থলাভিষিক্তগণক্রমে অন্যের বিনা বাধায় পরম সুখে যথেচ্ছভাবে ভোগ দখল করিতে থাকিবেন তাহাতে ভবিষ্যতে আমরা বিক্রেতাগণ বা আমাদের কোন ওয়ারিশান বা কোন স্থলাভিষিক্তগণ বা কেহ কোনও প্রকার দাবি দাওয়া বা ওজর আপত্তি করিতে পারিব না বা পারিবে না বা ভবিষ্যতে ঐরূপ করিলেও তাহা সর্বত্র সর্ব্ব আদালতে নাকোচ ও নামঞ্জুর হইবে।

অত্র দলিলের নিম্নের খ তপশীলে বিশদ ভাবে বর্ণিত সম্পত্তি আমরা আপনাকে সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় বিক্রয় করিলাম এবং আমরা উহা কোথাও কোনও ভাবে দায়বদ্ধ ও দায় সংযোগ করি নাই। যদি ভবিষ্যতে আমাদের কার্য্য দোষে অত্র

MILI BOSU

দলিলের নিম্নের তপশীলে বিষদ ভাবে বর্ণিত বিক্রিত সম্পত্তিতে কোনও রূপ দায়বদ্ধতা বা দায় সংযোগ থাকা প্রকাশ পায় ও তাহাতে আপনার স্বত্ব ও স্বার্থের হানি ঘটে সেক্ষেত্রে আমরা মায় ওয়ারিশান তাহা নিজ খরচে দায় মুক্ত করিয়া দিব এবং যদি কোনও কারণে তাহা করিতে অপারগ হই তাহা হইলে বিক্রীত সম্পত্তির পনের সমগ্র মূল্য মায় তদুপরি আইনানুসারে ক্ষতিপূরণ সহ আপনাকে ফেরৎ দিতে আমরা মায় ওয়ারিশান বাধ্য ও বদ্ধ রহিলাম।

আপনি অতঃপর অত্র দলিলের নিম্নের খ তপশীলে বিশদ ভাবে বর্ণিত বিক্রিত সম্পত্তি সংক্রান্তে সরকারী ও অন্যান্য সেরেস্তায় আমাদিগের নাম কর্ত্তন মতে নিজ নাম পত্তন পূর্বক সমস্ত প্রকার কর ও খাজনাদি আদায় দিয়া রসিদাদি গ্রহণ করিতে পারিবেন তাহাতে আমাদিগের পূর্ণ সম্মতি রহিল।

অত্র দলিলের ক্রেতা খ - তপশীল বর্ণিত সম্পত্তি সংক্রান্তে পশ্চিমবঙ্গ সরকারের রেজিস্ট্রেসান দপ্তরের দ্বারা নির্দ্ধারিত-বাজার দর অনুযায়ী ১০,৪১,৭৫২/- (দশ লক্ষ একচল্লিশ হাজার সাত শত বাহান্ন) টাকার উপর ৪১, ৬৭০/- (একচল্লিশ হাজার ছয় শত সত্তর) টাকা স্ট্যাম্প ডিউটি, ১০, ৪১৮/- (দশ হাজার চার শত আঠারো) টাকা রেজিস্ট্রেসান চার্জ এবং মিউটেশান ফি বাবদ ১৮৮/- (এক শত অষ্টআশি) টাকা অর্থাৎ সর্বমোট ৫২,২৭৬/- (বাহান্ন হাজার দুইশত ছিয়াত্তর) টাকা, তন্মধ্যে ১,০০০/- (এক হাজার) টাকা নন্ জুডিসিয়াল স্ট্যাম্প আকারে এবং বক্রি ৫১, ২৭৬/- (একান্ন

হাজার দুইশত ছিয়াত্তর) টাকা ই-পেমেন্টের মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারকে আদায় দিয়াছেন।

প্রকাশ থাকে যে, অত্র দলিলের সহিত পৃথক পৃথক পৃষ্ঠায় ক্রেতার ও বিক্রেতাগণের দশ আঙ্গুলের টিপ ছাপ ও পাশপোর্ট সাইজের ফটো প্রদত্ত হইল। এই টিপ ছাপ যুক্ত পাতা ও ফটো এই দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে।

এতদ্বর্থে সুস্থ শরীরে সরল অন্তঃকরণে অন্যের বিনা প্ররোচনায় ও অনুরোধে স্বাধীন মতের দ্বারা পরিচালিত হইয়া অত্র দলিলের লিখিত বিবরণ সমূহ পাঠ করিয়া উহার মর্ম এবং ভাবী ফলাফল সম্যক রূপে উপলব্ধি করিয়া ও আমরা অত্র দলিলের ক্রেতা ও বিক্রেতাগণ আমাদের নির্দেশ মত অত্র দলিল লিখিত হইয়াছে জানিয়া বুঝ সমুঝ মতে উপস্থিত সাক্ষীগণের সম্মুখে সহি সম্পাদন করিয়া দিলাম। ইতি বাংলা ১৪৩০ সালের ২ রা আশ্বিন, ইংরাজী ২০২৩ সালের ২০ শে সেপ্টেম্বর।

## তপশীল - ক

জেলা পূর্ব বর্ধমান, থানা ও সাব রেজিস্ট্রী. অফিস বর্ধমান, বর্ধমান পৌরসভার সামীল মৌজা ইচ্ছলাবাদ, জে. এল নং - ৭৫, আর. এস. খতিয়ান নং - ৯০৩, এল. আর. খতিয়ান নং - ৮৪১/১, ১২৫০/২, ৮৭৪৯, ৮৭৪৭, ৯৩৩৬ ও ৯৩৩৭, আর. এস দাগ নং - ২২১, এল. আর. দাগ নং - ৫৭০ অন্তর্ভূক্ত শ্রেণী বাস্তু, পরিমান কম

বেশী শতক বা কম বেশী ৪৩৫৬ স্কয়্যার ফুট, মায় তদুপরিস্থিত একতল গৃহাদি, যাহার রিমান কম বেশী ১৮০০ স্কয়্যার ফুট, হোল্ডিং নং ১১৩ ও ৩৯৬, ওয়ার্ড নং ১০, ম. ল্যা বড় বেনে পাড়া।

চৌহদ্দি ঃ-

উত্তরে ঃ - সুশান্ত মিত্র ও সুকান্ত মিত্রের বাড়ি।

দক্ষিণে ঃ- অনুজা সাঁই - এর বাড়ি।

পুর্বে ঃ- শিবু মালিক ও অন্যান্যদের বাড়ি।

পশ্চিমে ঃ -বর্ধমান মিউনিসিপ্যালিটির রাস্তা।

## তপশীল - খ

উপরিউক্ত ক তপশীলে বিশদভাবে বর্ণিত সম্পত্তির অচিহ্নিত ও অবিভক্ত ২/১৬ অংশ যাহা জেলা পূর্ব বর্ধমান, থানা ও সাব রেজিস্ট্রী অফিস বর্ধমান, বর্ধমান পৌরসভার সামীল মৌজা ইচ্ছলাবাদ, জে. এল. নং - ৭৫, আর. এস. খতিয়ান নং - ৯০৩, এল. আর. খতিয়ান নং - ৮৪১/১ ভুক্ত আর. এস. দাগ নং - ২২১ এবং এল. আর. দাগ নং - ৫৭০ অন্তর্ভূক্ত বাস্তু শ্রেণীর সম্পত্তি যাহার পরিমান অচিহ্নিত ও অবিভক্ত কম বেশী ৫৪৪৫ স্কয়্যার ফুট মায় তদুপরিস্থিত সিমেন্টের মেঝে যুক্ত একতল পুরাতন গৃহাদি যাহার পরিমান কম বেশী অচিহ্নিত ও অবিভক্ত ২২৫ স্কয়্যার ফুট, হোল্ডিং নং ৩৯৬, ওয়ার্ড নং ১০, মহল্যা বড় বেনে পাড়া।

Doli Dutta

জমিদার পশ্চিমবঙ্গ সরকার বাহাদুর পক্ষে বি. এল. অ্যান্ড এল. আর. ও., বর্ধমান।

নোট:- উক্ত দলিলের 8-নং পৃষ্ঠায় উল্লিখিত-কথাটি যথা: "২১ শতক পুকুরের" কথাটি কেটে বাদ দেওয়া হয়েছে।

Doli Dutta

MILI BOSU

বিক্রেতাগণের স্বাক্ষর

ইসাদি :-

১) শেখ সাহিদ
পিতা শেখ মমতাজ আলি
গ্রাম- বড়িয়া, পোষ্ট বৈকুণ্ঠপুর,
থানা- শক্তিগড়.
জেলা- পূর্ব বর্ধমান
পিন-৭১৩১০৪

Debjit paik

ক্রেতার স্বাক্ষর

২) লিলি সরকার.
বিজয় চাঁদ সরকার
পেশা: অ: কালিদহ
গ্রাম বীরপুর - গুসকরা

আমার দ্বারা মুসাবিদা ও আমার করণে মুদ্রিত

Mirza Raja Beg

অ্যাডভোকেট

এনরোলমেন্ট নং - WB/793/2006.

## ডলি দত্ত-এর হস্তাঙ্গুলীর টিপ ছাপ ও ফটো







উপরের ছবি ও টিপ ছাপগুলি
আমার দ্বারা প্রত্যায়িত হইল স্বাক্ষর....Doli Dutta....

## মিলি বসু -এর হস্তাঙ্গুলীর টিপ ছাপ ও ফটো







উপরের ছবি ও টিপ ছাপগুলি
আমার দ্বারা প্রত্যায়িত হইল স্বাক্ষর....MILI BOSU....

## দেবজিৎ পালিত -এর হস্তাঙ্গুলীর টিপ ছাপ ও ফটো








উপরের ছবি ও টিপ ছাপগুলি
আমার দ্বারা প্রত্যায়িত হইল স্বাক্ষর....Debjit palit....

## সেখ সরিফ - এর হস্তাঙ্গুলীর টিপ ছাপ ও ফটো






উপরের ছবি ও টিপ ছাপগুলি
আমার দ্বারা প্রত্যায়িত হইল

স্বাক্ষর ........................................

## Major Information of the Deed

| | | | |
|---|---|---|---|
| Deed No : | I-0203-07628/2023 | Date of Registration | 20/09/2023 |
| Query No / Year | 0203-2002189603/2023 | Office where deed is registered | |
| Query Date | 27/08/2023 2:19:34 PM | A.D.S.R. Bardhaman, District: Purba Bardhaman | |
| Applicant Name, Address & Other Details | MIRZA RAJA BEGG<br>BURDWAN,Thana : Bardhaman<br>, District : Purba Bardhaman, WEST BENGAL, PIN - 713101, Mobile No. : 9434469033, Status :Advocate | | |
| Transaction | | Additional Transaction | |
| [0101] Sale, Sale Document | | | |
| Set Forth value | | Market Value | |
| Rs. 10,00,000/- | | Rs. 10,41,752/- | |
| Stampduty Paid(SD) | | Registration Fee Paid | |
| Rs. 41,670/- (Article:23) | | Rs. 10,418/- (Article:A(1)) | |
| Remarks | Received Rs. 50/- ( FIFTY only ) from the applicant for issuing the assement slip.(Urban area) | | |

### Land Details :

District: Purba Bardhaman, P.S:- Barddhaman, Municipality: BURDWAN, Road: UMR W10, Mouza: Ichhlabad, , Ward No: 10, Holding No:396 Jl No: 75, , BARA BANE PARA Pin Code : 713103

| Sch No | Plot Number | Khatian Number | Land Proposed | Use ROR | Area of Land | SetForth Value (In Rs.) | Market Value (In Rs.) | Other Details |
|---|---|---|---|---|---|---|---|---|
| L1 | LR-570 (RS :-221 ) | LR-841/1, (RS:-903\0 ) | Bastu | Bastu | 544.5 Sq Ft | 7,75,000/- | 8,16,752/- | Width of Approach Road: 18 Ft., |
| | Grand Total : | | | | 1.2478Dec | 7,75,000 /- | 8,16,752 /- | |

### Structure Details :

| Sch No | Structure Details | Area of Structure | Setforth Value (In Rs.) | Market value (In Rs.) | Other Details |
|---|---|---|---|---|---|
| S1 | On Land L1 | 225 Sq Ft. | 2,25,000/- | 2,25,000/- | Structure Type: Structure |
| | Gr. Floor, Area of floor : 225 Sq Ft.,Residential Use, Cemented Floor, Age of Structure: 21 Years, Roof Type: Pucca, Extent of Completion: Complete | | | | |
| | Total : | 225 sq ft | 2,25,000 /- | 2,25,000 /- | |

**Seller Details :**

| Sl No | Name,Address,Photo,Finger print and Signature | | | |
|---|---|---|---|---|
| 1 | Name | Photo | Finger Print | Signature |
| | **Mrs DOLI DATTA** **(Presentant )** Wife of Mr ASHOKE DUTTA Executed by: Self, Date of Execution: 20/09/2023 , Admitted by: Self, Date of Admission: 20/09/2023 ,Place : Office |  20/09/2023 | Captured LTI 20/09/2023 | Doli Dutta 20/09/2023 |
| | BAJEPROTAPPUR, NIMTALA, City:- Burdwan, P.O:- BAJEPROTAPPUR, P.S.-Bardhaman , District:-Purba Bardhaman, West Bengal, India, PIN:- 713101 Sex: Female, By Caste: Hindu, Occupation: House wife, Citizen of: India, PAN No.:: BDxxxxxx8B,Aadhaar No Not Provided by UIDAI, Status :Individual, Executed by: Self, Date of Execution: 20/09/2023 , Admitted by: Self, Date of Admission: 20/09/2023 ,Place : Office | | | |
| 2 | Name | Photo | Finger Print | Signature |
| | **Mrs MILI BOSU** Wife of Mr SUNIL BOSU Executed by: Self, Date of Execution: 20/09/2023 , Admitted by: Self, Date of Admission: 20/09/2023 ,Place : Office |  20/09/2023 | Captured LTI 20/09/2023 | MILI BOSU 20/09/2023 |
| | DEBIPUR, MEMARI, Village:- DEBIPUR, P.O:- DEBIPUR, P.S:-Memari, District:-Purba Bardhaman, West Bengal, India, PIN:- 713146 Sex: Female, By Caste: Hindu, Occupation: House wife, Citizen of: India, PAN No.:: FGxxxxxx9P,Aadhaar No Not Provided by UIDAI, Status :Individual, Executed by: Self, Date of Execution: 20/09/2023 , Admitted by: Self, Date of Admission: 20/09/2023 ,Place : Office | | | |

**Buyer Details :**

| Sl No | Name,Address,Photo,Finger print and Signature | | | |
|---|---|---|---|---|
| 1 | Name | Photo | Finger Print | Signature |
| | **Mr DEBJIT PALIT** Son of Late FANINDRA NATH PALT Executed by: Self, Date of Execution: 20/09/2023 , Admitted by: Self, Date of Admission: 20/09/2023 ,Place : Office |  20/09/2023 | Captured LTI 20/09/2023 | Debjit Palit 20/09/2023 |
| | Son of Late FANINDRA NATH PALT 2 NO, ICLABAD, City:- Burdwan, P.O:- SRIPALLY, P.S:-Bardhaman , District:-Purba Bardhaman, West Bengal, India, PIN:- 713103 Sex: Male, By Caste: Hindu, Occupation: Service, Citizen of: India, PAN No.:: BJxxxxxx1F,Aadhaar No Not Provided by UIDAI, Status :Individual, Executed by: Self, Date of Execution: 20/09/2023 , Admitted by: Self, Date of Admission: 20/09/2023 ,Place : Office | | | |

**Identifier Details :**

| Name | Photo | Finger Print | Signature |
|---|---|---|---|
| **Mr SK SARIF**<br>Son of Mr SK MANSUR ALI<br>KORIA, Village:- KORIA, P.O:- BAIKUNTHAPUR, P.S:-Bardhaman , District:-Purba Bardhaman, West Bengal, India, PIN:- 713104 |  | Captured |  |
| | 20/09/2023 | 20/09/2023 | 20/09/2023 |
| Identifier Of Mrs DOLI DATTA, Mrs MILI BOSU, Mr DEBJIT PALIT | | | |

| Transfer of property for L1 | | |
|---|---|---|
| **Sl.No** | **From** | **To. with area (Name-Area)** |
| 1 | Mrs DOLI DATTA | Mr DEBJIT PALIT-0.623907 Dec |
| 2 | Mrs MILI BOSU | Mr DEBJIT PALIT-0.623907 Dec |
| **Transfer of property for S1** | | |
| **Sl.No** | **From** | **To. with area (Name-Area)** |
| 1 | Mrs DOLI DATTA | Mr DEBJIT PALIT-112.50000000 Sq Ft |
| 2 | Mrs MILI BOSU | Mr DEBJIT PALIT-112.50000000 Sq Ft |

## Land Details as per Land Record

District: Purba Bardhaman, P.S:- Barddhaman, Municipality: BURDWAN, Road: UMR W10, Mouza: Ichhlabad, , Ward No: 10, Holding No:396 Jl No: 75, , BARA BANE PARA Pin Code : 713103

| Sch No | Plot & Khatian Number | Details Of Land | Owner name in English as selected by Applicant |
|---|---|---|---|
| L1 | LR Plot No:- 570, LR Khatian No:- 841/1 | Owner:ফণীন্দ্র নাথ পালিত, Gurdian:মকুলেশ্বর , Address:নিজ , Classification:বাস্ত, Area:0.02500000 Acre, | Mrs DOLI DATTA |

## Endorsement For Deed Number : I - 020307628 / 2023

**On 20-09-2023**

**Certificate of Admissibility(Rule 43,W.B. Registration Rules 1962)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A, Article number : 23 of Indian Stamp Act 1899.

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1),W.B. Registration Rules,1962)**

Presented for registration at 13:50 hrs on 20-09-2023, at the Office of the A.D.S.R. Bardhaman by Mrs DOLI DATTA , one of the Executants.

**Certificate of Market Value(WB PUVI rules of 2001)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs 10,41,752/-

**Admission of Execution ( Under Section 58, W.B. Registration Rules, 1962 )**

Execution is admitted on 20/09/2023 by 1. Mrs DOLI DATTA, Wife of Mr ASHOKE DUTTA, BAJEPROTAPPUR, NIMTALA, P.O: BAJEPROTAPPUR, Thana: Bardhaman , , City/Town: BURDWAN, Purba Bardhaman, WEST BENGAL, India, PIN - 713101, by caste Hindu, by Profession House wife, 2. Mrs MILI BOSU, Wife of Mr SUNIL BOSU, DEBIPUR, MEMARI, P.O: DEBIPUR, Thana: Memari, , Purba Bardhaman, WEST BENGAL, India, PIN - 713146, by caste Hindu, by Profession House wife, 3. Mr DEBJIT PALIT, Son of Late FANINDRA NATH PALT, 2 NO, ICLABAD, P.O: SRIPALLY, Thana: Bardhaman , , City/Town: BURDWAN, Purba Bardhaman, WEST BENGAL, India, PIN - 713103, by caste Hindu, by Profession Service

Indetified by Mr SK SARIF, , , Son of Mr SK MANSUR ALI, KORIA, P.O: BAIKUNTHAPUR, Thana: Bardhaman , , Purba Bardhaman, WEST BENGAL, India, PIN - 713104, by caste Muslim, by profession Law Clerk

**Payment of Fees**

Certified that required Registration Fees payable for this document is Rs 10,418.00/- ( A(1) = Rs 10,418.00/- ) and Registration Fees paid by Cash Rs 0.00/-, by online = Rs 10,418/-
Description of Online Payment using Government Receipt Portal System (GRIPS), Finance Department, Govt. of WB Online on 20/09/2023 9:20AM with Govt. Ref. No: 192023240227013571 on 20-09-2023, Amount Rs: 10,418/-, Bank: AXIS Bank ( UTIB0000005), Ref. No. 327688471 on 20-09-2023, Head of Account 0030-03-104-001-16

**Payment of Stamp Duty**

Certified that required Stamp Duty payable for this document is Rs. 41,670/- and Stamp Duty paid by Stamp Rs 1,000.00/-, by online = Rs 40,670/-
Description of Stamp
1. Stamp: Type: Impressed, Serial no 31161, Amount: Rs.1,000.00/-, Date of Purchase: 18/09/2023, Vendor name: Sanjay Acharyya
2. Stamp: Type: Court Fees, Amount: Rs.10.00/-
Description of Online Payment using Government Receipt Portal System (GRIPS), Finance Department, Govt. of WB Online on 20/09/2023 9:20AM with Govt. Ref. No: 192023240227013571 on 20-09-2023, Amount Rs: 40,670/-, Bank: AXIS Bank ( UTIB0000005), Ref. No. 327688471 on 20-09-2023, Head of Account 0030-02-103-003-02

**Sanjit Sardar**
**ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR**
**OFFICE OF THE A.D.S.R. Bardhaman**
**Purba Bardhaman, West Bengal**

Certificate of Registration under section 60 and Rule 69.

Registered in Book - I

Volume number 0203-2023, Page from 213975 to 213998

being No 020307628 for the year 2023.

Seal of the Additional District Sub Registrar, Burdwan, District Burdwan

Digitally signed by SANJIT SARDAR
Date: 2023.10.10 11:22:02 +05:30
Reason: Digital Signing of Deed.

(Sanjit Sardar) 10/10/2023

ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR

OFFICE OF THE A.D.S.R. Bardhaman

West Bengal.